


## মাসের নাম সেপ্টেম্বর

ভাগ্যভাগিনী  
সুখ-দুঃখ  
প্রেম  
ভালোবাসা

শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহ:	শুক্র
	০১	০২	০৩	০৪	০৫	০৬
০৭	০৮	০৯	১০	১১	১২	১৩
১৪	১৫	১৬	১৭	১৮	১৯	২০
২১	২২	২৩	২৪	২৫	২৬	২৭
২৮	২৯	৩০				



কাজ আর কাজ। এ মাসে অবসর নেই। বাইরের কাজ, বাড়ির কাজ সবকিছু নিয়ে ব্যস্ততা বাড়বে। প্রথম দু'সপ্তাহে চুক্তিপত্রে বুঝেগুনে হাত দেবেন। ভুল বোঝাবুঝির সম্ভাবনা আছে। অনেক কাজ, তাই অযথা সময় নষ্ট করবেন না। প্রতিদ্বন্দ্বী এবং বন্ধুবর্ষীদের স্বার্থপরতা, প্রতিহিংসার শিকার হবার সম্ভাবনা আছে।




আর অপেক্ষা নয়। এ মাসে আপনি ভালোবাসতে এবং ভালোবাসা পেতে মানসিকভাবে তৈরি। মন খুলে কথা বলার সেই অদম্য ইচ্ছেটা এ মাসে অনেককেই পেয়ে বসবে। মনের এই পরিবর্তন আপনার জীবনধারা, কর্মক্ষেত্রে প্রভাব ফেলবে। কর্মক্ষেত্রে অন্যের পরামর্শ শুনলে ভালো ফল লাভ করবেন। কৌশলী হলে কর্মক্ষেত্রে সুবিধা হবে।



বাস্তববাদী হিসেবে আপনার সুনাম আছে। মাসের প্রথম দশ দিনে সেই সুনাম চলে যাবে। এ সময় নিজেকে এবং প্রিয়জনকে নিয়ে আপনি ব্যস্ত হয়ে যাবেন। প্রেম-ভালোবাসার স্বপ্নল সময় কাটবে। ঠিকানা বদলের সম্ভাবনা আছে। মাসের শেষ ভাগে স্বপ্ন ফিকে হয়ে আসবে। তবে বাস্তবতার ছোঁয়ায় স্বপ্নগুলো সব মরে যাবে না।



খুব সতর্ক থাকতে হবে। কি বলছেন, লিখছেন সেই সম্পর্কে। ভুল করলে দ্রুত শুধরে নিন, উড়ো কথায় নির্ভর করলে ঠকবেন। সূক্ষ্ম বিষয়েও নজর দিন। পুরো সত্য তুলে ধরুন। না হলে ভবিষ্যতে পস্তাবেন। মাসের প্রথম সপ্তাহ কাটবে অস্থিরতায়।



মাথা খারাপ হয়ে যাবে আপনার। মিটিং, ইন্টারভিউ চলতে থাকবে একদিকে, অন্যদিকে পরিবারের প্রিয়জনদের সময় দেয়া। মাসের মাঝামাঝি কেরিয়ার নিয়ে নতুন করে সিদ্ধান্তে আসবেন। চূপচাপ থেকে নয় এখন লোকজনকে রীতিমতো ডানে-বঁয়ে নির্দেশ দেবেন আপনি।



সিদ্ধান্তের মাস। কোনো কোনো সিদ্ধান্ত আপনার স্বভাবজাত হবে না। কর্মক্ষেত্রে চাপ বাড়বে। ব্যক্তিগত সম্পর্কেও পরিবর্তন আসবে। অর্থ সংক্রান্ত ব্যাপারে সমস্যায় পড়তে পারেন। সতর্ক থাকুন। তাড়াছড়ো করে সিদ্ধান্ত নিয়ে ফেললে আগামী মাসগুলোতে সমস্যায় পড়বেন।



সুযোগ হারাতে হতে পারে। ভুল বোঝাবুঝি হতে পারে। সতর্ক থাকলেও এই দুটোর সম্ভাবনা প্রবল। নিজের পরিকল্পনাগুলো পুরোপুরি আলোচনা করুন। কোনো কিছু বন্ধ রাখবেন না। ধৈর্যশীল হোন। সময়ের সঙ্গে আসবে সাফল্য।



আপনার আত্মবিশ্বাস বাড়বে। চারপাশের স্নেহ-ভালোবাসা টের পাবেন। সবকিছু মনের মতো হবে ভাবলে সমস্যা বাড়বে। অল্পতে খুশি হলে ভালো। না হলে অনুযোগ-অভিযোগ করবেন না। সম্পর্ক খারাপ হবে। মাসটি স্মরণীয় হয়ে থাকতে পারে বিভিন্ন ঘটনার কারণে।

### সেপ্টেম্বর মাসে আপনার অবস্থা

শ্রেম	অর্থ	স্বাস্থ্য	কর্ম
৭	৫	৫	৭
৩	৭	৫	৭
৭	৭	৩	৭
৭	৫	৫	৩
৭	৫	৫	৭
৭	৩	৭	৫
৫	৩	৭	৫
৭	৭	৩	৭
৩	৫	৩	৭
৭	৫	৩	৭

বি: দ্র: সংখ্যা বেশি হলে ভাল, কম হলে খারাপ।  
এবার বুঝে নিন কোন্ ক্ষেত্রে মাস কেমন যাবে




পেশা এবং ইমেজই হবে আপনার চিন্তার বিষয়। মাসের মাঝামাঝি সময় পর্যন্ত চিন্তায়-দুশ্চিন্তায় কাটবে আপনার। একবার ইস্যুগুলোর সমাধান পেলে সবকিছু সহজ হয়ে যাবে। নতুন কাজে হাত দেয়ার আগে চিন্তা করে নিন। যা ভাবছেন তার চেয়ে বেশি সময় লাগতে পারে। কর্মক্ষেত্রে প্রভাবশালীদের সহায়্য পাবেন।



নিজের পেশা, পারিবারিক অবস্থা নিয়ে সুখী হলে ভালো। না হলে এ মাসে আপনি অন্যান্য রাস্তা দেখার সুযোগ পাবেন। তবে রাস্তাগুলোয় রোমাঞ্চের ছোঁয়া আছে, নিশ্চয়তার পরশ নেই। নতুন রাস্তায় গেলে বিন্দ্র রাত কাটবে। নিজে সিদ্ধান্ত নিন, অন্যের ওপর নির্ভর করবেন না।



এতো দিনের ত্যাগ-তিতিক্ষার প্রতিদান পেতে পারেন। সহকর্মী, উচ্চপদস্থের আনুকূল্য পাওয়া সম্ভব হবে। কর্মপন্থা, চারপাশের লোকজন ইত্যাদির ওপর আপনার ভাগ্য নির্ভর করবে। প্রভাবশালী বন্ধু, পরিচিত জনেরা আপনার সমস্যা সমাধানে সাহায্য করতে পারেন। তর্কে জড়াবেন না।



অন্যের সাহায্য প্রয়োজন আপনার। অন্যের খবরদারি মেনে নিয়ে কাজ করুন। মাতব্বরির করার মাস এটা নয়। অন্যের হতাশায় নিজে হতাশ হবেন না। আপনার প্রিয়জন বা বন্ধু দারুণ একটি কাজ পেতে পারেন। এমন কাজ যেটা আপনি বহুদিন থেকে চান। দুশ্চিন্তা করবেন না। সুযোগ আপনারও আসবে।